

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫১

ভূমিকা পর্ব (المقدمة)

পরিচ্ছেদঃ ৭. বিদ্যাত ও বাগড়াক্ষাটি হতে বেঁচে থাকা।

بَابِ اجْتِنَابِ الْبِدَعِ وَالْجَدَلِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمْشِقِيُّ، وَهَارُونُ بْنُ إِسْحَاقَ، قَالَا حَدَّثَنَا أَبْنُ أَبِي فُدَيْكٍ، عَنْ سَلَمَةَ بْنِ وَرْدَانَ، عَنْ أَنْسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "مَنْ تَرَكَ الْكَذِبَ وَهُوَ بَاطِلٌ بُنِيَ لَهُ قَصْرٌ فِي رَبَضِ الْجَنَّةِ وَمَنْ تَرَكَ الْمِرَاءَ وَهُوَ مُحِقٌّ بُنِيَ لَهُ فِي وَسْطِهَا وَمَنْ حَسَنَ خُلُقَهُ بُنِيَ لَهُ فِي أَعْلَاهَا" .

বাংলা

৭/৫১। আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মিথ্যাকে বাতিল মনে করে পরিহার করলো তার জন্য জান্নাতের এক প্রান্তে একটি প্রাসাদ নির্মাণ করা হয়। যে ব্যক্তি সঙ্গত হওয়া সত্ত্বেও বাগড়া ত্যাগ করলো তার জন্য জান্নাতের মধ্যখানে একটি প্রাসাদ নির্মাণ করা হয়। যে ব্যক্তি তার চরিত্র সুন্দর করলো তার জন্য জান্নাতের উচ্চতর স্থানে একটি প্রাসাদ নির্মাণ করা হয়।

English

It was narrated that Ans bin Malik said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Whoever gives up telling lies in support of a false claim, a palace will be built for him in the outskirts of Paradise. Whoever gives up argument when he is in the right, a palace will be built from him in the middle (of Paradise). And whoever had good behavior, a palace will be built for him in the highest reaches (of Paradise).'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ১৯৯৩ তাহকীক আলবানীঃ সনদ যষ্টিফ। তাখরীজ আলবানী: সহীহাহ ২৭৩, যষ্টিফাহ ১০৫৬। উক্ত হাদিসের রাবী সালামাহ বিন ওরদান সম্পর্কে আহমাদ বিন হাস্বাল বলেন তিনি হাদীস

বর্ণনায় দুর্বল ও মুনকার। আবু হাতিম আর রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। আবু দাউদ আস সাজিসতানী ও আল আজালী তাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9761>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন